Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

সূত্র নংঃ রিক/পরি/কেন্দ্রিয়/ ৮১৯ /২০২৬

তারিখঃ ১৭/০৯/২০২৬ ইং

প্রাপক,
সকল প্রকল্প সমন্বয়কারী/ সকল ডিভিশনাল/ জোনাল/এরিয়া ম্যানেজার-ক্ষুদ্রঋণ কর্মসূচি/অডিট বিভাগ

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

বিষয়: জুলাই,২৬-সেপ্টেম্বর,২৬ মাসের জমাকৃত আয়কর এর তথ্য প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী নির্দেশনা অনুযায়ী বিগত তিন মাসে ব্যাংকে জমাকৃত আয়করের তথ্যাদি দ্বারা আমাদেরকে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে আয়কর অফিসে রিপোর্ট জমা করতে হয়। **জুলাই,২৬-সেপ্টেম্বর,২৬** মাসের বেতন, ছাপা ও মনিহারী ও অন্যান্য ব্যয় খাতের জমাকৃত ট্যাক্স চালানের তথ্য দিয়ে, সংযুক্ত ছকে উপস্থাপন করে আগামী *০৭/১০/২০২৬ ইং* তারিখের মধ্যে শুধুমাত্র সফ্টকপি (এক্সেল কপি) কেন্দ্রিয় কার্যালয়ে (**To: RIC Central** <central@ric-bd.org> , **CC: Sanjay Sarker** <sanjay@ric-bd.org>) পাঠানোর জন্য বলা হলো। নিম্নোক্ত পরামর্শগুলো অনুসরণ করে সংযুক্ত ছক প্রস্তুত করবেন:

- সংযুক্ত এক্সেল কপিতে **শুধুমাত্র আয়করের** তথ্য প্রদান করবেন, এখানে ভ্যাট এর কোন তথ্য প্রদান করবেন না।
- কেন্দ্রিয় কার্যালয়ে অবশ্যই আয়কর জমা চালান (ট্রেজারী চালান) এর কোন হার্ড কপি/স্ক্যান কপি/পিডিএফ কপি ই-মেইল করবেন না বা কুরিয়ার করবেন না।
- সংযুক্ত এক্সেল কপিতে ০৪ টি শীট রয়েছে। সকল শীটে (যেমনঃ বেতন বাদে অন্যান্য খাত, বেতন-১, বেতন-২, বেতন-৩) কাজ করতে হবে।
- এই অর্থ বছরের সকল আয়করের জন্য এ-চালান তৈরি করার সময় অবশ্যই ***করবর্ষ ঃ ২০২৭-২০২৮*** সিলেক্ট করবেন।
- সংযুক্ত এক্সেল কপিতে প্রয়োজনে Row Insert করতে পারবেন কিন্তু Column, Insert বা Delete করতে পারবেন না।
- সংযুক্ত এক্সেল কপির একটি Row তে একটির বেশি চালান পোষ্টিং দেবেন না। অর্থাৎ যতগুলো চালান ততগুলো Row তে পোষ্টিং হবে।
- এক্সেল কপিটি জোন ভিত্তিক প্রস্তুতকৃত হতে হবে। ইতোপূর্বে কেউ,কেউ শাখা/এরিয়া থেকে পাঠিয়েছেন। এতে কাজে সমস্যা সৃষ্টি হয়।
- সংযুক্ত এক্সেল কপিটি অবশ্যই, অবশ্যই প্রস্তুতকারীর নাম, পদবী ও মোবাইল নং উল্লেখ করবেন। যাতে প্রয়োজনে আমরা তার সাথে যোগাযোগ করতে পারি। ইতোপূর্বে কেউ, কেউ এই তথ্য দেননি।
- যেহেতু এই সকল তথ্য শাখা অফিস অফিস থেকে উদ্ভুত তাই, এরিয়া/জোনাল ম্যানেজারগণ এই চিঠি অতি দ্রুত শাখায় পৌছে দেবেন।
- অডিট কর্মকর্তাগণ এবং জোনাল ফিন্যান্স কর্মকর্তাগণ বিষয়টি তদারক করবেন।
- কোন স্টাফের টি.আই.এন নম্বর না থাকলে কেউ কেউ ইতোপূর্বে সেই স্থলে সংস্থার টি.আই.এন নম্বর ব্যবহার করেছেন, যা একেবারেই উচিত নয়।
- সংযুক্ত এক্সেলে চালান নং বলতে ট্র্যাকিং নং বুঝানো হয়েছে। যেখানে চালান নং উল্লেখ করতে বলা হবে, সেখানে আপনার চালানে উল্লেখিত ট্র্যাকিং নং লিখুন। বর্তমানে চালানে হাতে লিখিত যেমনঃ ১২, বা ১৭, বা ২৯, অথবা ১০৮ ইত্যাদি নম্বরগুলো কোন চালান নম্বর নয়। এই বছর ট্র্যাকিং নং শুরু হবে ২৬২৭-XXXXXXXXXX সংখ্যা দিয়ে। ট্র্যাকিং নং পোষ্টিং এর ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করবেন যাতে কোন সংখ্যা বাদ না পড়ে অথবা পরিবর্তন না হয় (নমুনা ট্র্যাকিং নম্বর নিচে প্রদর্শিত)।

অনলাইন ব্যাংকিং
অর্থ জমা গ্রহণ স্লিপ

ট্র্যাকিং নম্বর : ২৬২৭-০০১৫২৭২৪৬৬

উপরোক্ত বিষয়সমূহ সম্পর্কে আপনাদের কোন প্রশ্ন/অস্পষ্টতা থাকলে কেন্দ্রিয় কার্যালয়ের সঞ্জয় কুমার দে সরকার, এজিএম (ফিন্যান্স) মোবাইলঃ ০১৭২০-৯৫৬৩২৯, ০১৩১৩৪৩১০১৯ , ই-মেইলঃ sanjay@ric-bd.org এর সাথে সরাসরি যোগাযোগ করার জন্য বলা হলো।

আপনাদেরকে ধন্যবাদ-

আফরোজা লায়লা
পরিচালক